# জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ই-মেইলঃ nhrc.bd@gmail.com


স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/-২৩৯/১২-১৪ তারিখ: ০৭ জুন ২০১৮

## প্রেস বিজ্ঞপ্তি-

## সাংবাদিকদের ওপর হামলাকারীদের চিহ্নিত করে দ্রুত শাস্তি নিশ্চিত করতে হবে - কাজী রিয়াজুল হক

গত ৪-৫ আগস্ট ২০১৮ তারিখ নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে ডাকা ছাত্র বিক্ষোভের খবর সংগ্রহের দায়িত্ব পালনকালে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় নিন্দা জানিয়েছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক। গণমাধ্যম সূত্রে জানা যায়, সায়েন্স ল্যাবরেটরি ও এর আশেপাশের এলাকায় রোববার এবং এর আগে গত শনিবার জিগাতলা এলাকায় পেশাগত দায়িত্ব পালনকালে ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার বেশ কয়েকজন সাংবাদিক ও ফটোসাংবাদিক আহত হয়েছেন।

কাজী রিয়াজুল হক বলেন, “শিশু শিক্ষার্থীদের নিরাপদ সড়কের দাবি মেনে নিয়ে তা বাস্তবায়নের জন্য সরকারের উচ্চ পর্যায় থেকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেওয়ার পর পরিস্থিতি যখন স্বাভাবিক হচ্ছিলো এবং শিশু শিক্ষার্থীরা তাদের ক্লাসে ফিরে যাচ্ছিল ঠিক সেই মুহূর্তে কারা এই সকল শিশু শিক্ষার্থীদের এবং সাংবাদিকদের ওপর আক্রমণ করল তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে”। তিনি আরও বলেন, “সাংবাদিকরা মানবাধিকার কর্মী। তাদের ওপর হামলা অনভিপ্রেত। কেউ আইনের উর্ধে নয়। জাতীয় মানবাধিকার কমিশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ হামলার সাথে জড়িতদের দ্রুত আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তি নিশ্চিত করতে জোর সুপারিশ করছে। **এই ধরণের হামলা বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর নির্দেশনা দিতে কমিশন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে লিখিত সুপারিশ করেছে”।**

গণমাধ্যম সূত্রে জানা যায়, বিশিষ্ট আলোকচিত্রী শহিদুল আলমকে গ্রেপ্তার করা হয়েছে। শহিদুল আলমের স্ত্রী রেহনুমা আহমেদ কমিশন কার্যালয়ে উপস্থিত হয়ে লিখিতভাবে জানান যে, ডিবি হেফাজতে তাকে শারীরিক ও মানসিক নির্যাতন করে রক্তাক্ত করা হয়েছে। এ ব্যাপারে কমিশনের বক্তব্য হল পুলিশ হেফাজতে নির্যাতন অনভিপ্রেত। সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তারকৃত ব্যক্তিদেরও গ্রেপ্তার ও জিজ্ঞাসাবাদের সময় সংবিধান, প্রচলিত আইন ও উচ্চ- আদালতের নির্দেশনা অনুসরণ করতে হয়। **শহিদুল আলমের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য কমিশন ইতিমধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে লিখিত সুপারিশ করেছে ।”**

ধন্যবাদান্তে,

Farhana

ফারহানা সাঈদ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় মানবাধিকার কমিশন